

আমাদের অর্জনসমূহ:

- ১। রবি/২০২০-২১ মৌসুমে কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও পেয়াজ বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের (এসএমই) আওতায় ৬ টি সরিষা-২টি বাদাম-১টি ধনিয়া-১টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। রাজস্ব খাতে ৩০ টি বোরো, ২০ টি ভুট্টা, ২০ টি সরিষা, ১০টি পেঁয়াজ গম-১০টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এনএপটিপি-টু ২১, আধুনিক প্রযুক্তির মাধ্যমে ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের ১০টি, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের ২১ টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। প্রনোদনার আওতায় ৪০০ টি সরিষা, বোরো-২৫০, গম-১০০, স্থাপন করা হয়েছে। খরিপ-১/২০১৯-২০ মৌসুমে রাজস্ব ২০টি আউশ ধান, জৈব কৃষি ১৫ টি পারিবারিক পুষ্টি বাগান ৩০ টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের ৮টি।
- ২। রবি মৌসুমে এই উপজেলায় ডাল, তেল ও অন্যান্য ফসলের পাশাপাশি ২৭২৫ হেক্টর জমিতে আলু আবাদ করা হয়েছে এবং সার, বীজ ও কীটনাশকের সরবরাহ পর্যাপ্ত ও বাজার মূল্য স্বাভাবিক থাকায় কৃষক সুখম সার ব্যবহার করছে।
- ৩। রবি মৌসুমে ১৪৯৫ হেক্টর জমিতে শাকসবজির আবাদ করা হয়। সার বীজ কীটনাশকসহ কৃষি উপকরণ পর্যাপ্ত আছে।
- ৪। সার, বীজ ও কীটনাশকের ডিলার, খুচরা বিক্রেতা ও বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করায় সরবরাহ ও বাজার মূল্য স্বাভাবিক আছে।
- ৫। উন্নত কৃষি প্রযুক্তি কৃষকের মাঝে বিস্তৃতি ঘটানোর জন্য যথারীতি কৃষক প্রশিক্ষন কার্যক্রম চলছে।
- ৬। মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি অফিসারগন কৃষকদের দোড়গোড়ায় পৌঁছে। তাদের চাহিদা ভিত্তিক উন্নত কৃষি প্রযুক্তির সেবা প্রদান করছে। অধিক উৎপাদন বৃদ্ধির জন্য এবং পোকামাকড় ও রোগবালাই এর হাত থেকে ফসলকে রক্ষা করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগন কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করে যাচ্ছে।
- ৭। যথারীতি গ্রুপ মিটিং, প্রত্যক্ষ সাক্ষাৎ ইত্যাদি ছাড়াও মোবাইল ফোনের মাধ্যমে উপজেলা ও ব্লক পর্যায়ে থেকে চাষীদেরকে কৃষি সেবা প্রদান করা হচ্ছে।
- ৮। মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব সার উৎপাদন ও ব্যবহার, ফল গাছের পরিচর্যা ও পোকামাকড় রোধে কার্যক্রম, ফলজ বৃক্ষরোপন ও সামাজিক বনায়নে পরিবেশ সুরক্ষায় কৃষি বিভাগ কৃষকদের সেবা প্রদান করে যাচ্ছে।
- ৯। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এবং পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে কৃষি বিভাগের কর্মীরা নিরন্তর কাজ করে যাচ্ছে।
- ১০। বীজ, সার, সেচ, আধুনিক কৃষি যন্ত্রপাতি ও আধুনিক কৃষি কলাকৌশল ব্যাপারে কৃষকদের সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া কৃষি বিভাগ বিভাগীয় ও জাতীয় অন্যান্য কার্যক্রমের দায়িত্ব পালন করে যাচ্ছে।